রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ/ ১৭ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৫৮-আইন/২০২৬।**—সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “**কমিশন**” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) “জিপিএ (**GPA**)” অর্থ Grade Point Average;

(গ) “**তফসিল**” অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঘ) “**নিয়োগকারী কর্তৃপক্ষ**” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(ঙ) **“পদ”** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(চ) **“প্রয়োজনীয় যোগ্যতা”** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) **"বাছাই কমিটি"** অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটি;

(জ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ঝ) **"সিজিপিএ (CGPA)"** অর্থ Cumulative Grade Point Average;

(ঞ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "ইনস্টিটিউট" বা "প্রতিষ্ঠান"** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের ধারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

**ব্যাখ্যা।**—দফা (খ) ও (ঝ) এর উদ্দেশ্য পূরণকল্পে, তফসিল-৪ অনুযায়ী সকল পদের শিক্ষাগত যোগ্যতা অর্জনের নির্ণায়ক হিসাবে শ্রেণি/বিভাগের পরিবর্তিত সিজিপিএ/ জিপিএ নির্ধারিত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোনা পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগিরক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তদকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার, এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কতৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নতুন নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য প্রযোজ্য হইবে:

তবে শর্ত থাকে যে, জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদান করা যাইবে, তবে সংশ্লিষ্ট পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখে উক্ত ব্যক্তির পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশির মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেইক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি—

(ক) এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সে পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশক্রমে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তি ৫০ (পঞ্চাশ) বৎসর বয়সে পদার্পণ করিলে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণসংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত করিতে হইবে।

## তফসিল-১
**[বিধি ২ (গ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে | অতিরিক্ত সচিব/সমমানের পদ হইতে প্রেষণে বদলির মাধ্যমে |
| ২। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>উপপরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>উপসচিব/সমমানের পদ হইতে প্রেষণে বদলির মাধ্যমে |
| ৩। | উপপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সহকারী পরিচালক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>সিনিয়র সহকারী সচিব/সমমানের পদ হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৪। | সহকারী পরিচালক | ৩২ বৎসর | মোট পদের—<br>(ক) ৩৩% পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>উচ্চমান সহকারী পদে অন্যূন ৯ (নয়) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ অথবা তৃতীয় শ্রেণি অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৬। | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় প্রশাসন/বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর ডিগ্রি বা ব্যবসায় প্রশাসন/বাণিজ্য বিভাগে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনে কোনো স্তরে তৃতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ অথবা তৃতীয় শ্রেণি অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৮। | উচ্চমান সহকারী | ৩২ বৎসর | মোট পদের—<br>(ক) ৩৩% পদোন্নতির মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী নিয়োগযোগ্য। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৯। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩২ বৎসর | মোট পদের—<br>(ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী নিয়োগযোগ্য। |
| ১০। | গাড়ি চালক | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) হালকা গাড়ি চালনার লাইসেন্স;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | অফিস সহায়ক | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী নিয়োগযোগ্য। |

**তফসিল-২**

**[বিধি ২ (গ) এবং তফসিল-১ এর ক্রমিক ৬ দ্রষ্টব্য]**

সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয় ও নম্বর, ইত্যাদি:—

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | | ৯০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২০ | | |
| ২। | ইংরেজি | ২০ | | |
| ৩। | গণিত | ৩৫ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ১৫ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ১০ | ৫০% | |
| সর্বমোট | | ১০০ | | |

**ব্যাখ্যা:** (ক) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে; এবং

(খ) কম্পিউটার word processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৩**

**[বিধি ২ (গ) এবং তফসিল-১ এর ক্রমিক ১০ দ্রষ্টব্য]**

গাড়ি চালক পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয় ও নম্বর, ইত্যাদি:—

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | | ৪০ | ৫০% | ৬০ মিনিট |
| ১। | বাংলা | ১০ | | |
| ২। | ইংরেজি | ১০ | | |
| ৩। | গণিত | ১০ | | |
| ৪। | প্রাসঙ্গিক টেকনিক্যাল/সাধারণ জ্ঞান | ১০ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ১০ | ৫০% | |
| সর্বমোট | | ৫০ | | |

**ব্যাখ্যা:** (ক) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে; এবং

(খ) ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

**তফসিল-৪**
**[বিধি ২ (গ) এবং ব্যাখ্যা দ্রষ্টব্য]**

সকল পদের শিক্ষাগত যোগ্যতা অর্জনের নির্ণায়ক হিসেবে শ্রেণি/বিভাগের পরিবর্তিত সিজিপিএ/ জিপিএ নিম্নরূপ:

| ক্রমিক | শিক্ষাগত যোগ্যতা | | গ্রেড | মন্তব্য |
|---|---|---|---|---|
| | স্তর | শ্রেণি | | |
| ১। | স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান | ১ম | ৩.০০ | ৪ স্কেল |
| | | ২য় | ন্যূনতম ২.২৫ | ৪ স্কেল |
| | | ৩য় | ২.২৫ এর কম | ৪ স্কেল |
| ২। | এস. এস. সি/সমমান ও এইচ. এস. সি/সমমান | ১ম | ৩.৫০ | ৫ স্কেল |
| | | ২য় | ন্যূনতম ২.৫০ | ৫ স্কেল |
| | | ৩য় | ২.৫০ এর কম | ৫ স্কেল |
| **বিশেষ শর্ত:** শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি থাকা যাবে না। তৃতীয় শ্রেণির সমতুল্য গ্রেড উপরের সারণী অনুসরণ করে নির্ণয় হবে। | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুসরাত জাহান**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd